দৈনিক ইত্তেফাক

2 JAN 2017

# শিশুদের ভারী স্কুলব্যাগ বহনে নিষেধাজ্ঞার রায় প্রকাশ

■ ইত্তেফাক রিপোর্ট

শিশুর শরীরের ওজনের দশ শতাংশের বেশি ব্যাগ বহনের ওপর নিষেধাজ্ঞা সংক্রান্ত হাইকোর্টের পূর্ণাঙ্গ রায় প্রকাশ পেয়েছে। গতকাল রবিবার সুপ্রিম কোর্টের ওয়েব সাইটে এ রায় প্রকাশ করা হয়। প্রকাশিত রায়টি ৩৬ পৃষ্ঠার। রায়টি লিখেছেন হাইকোর্টের বিচারক বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী। একমত পোষণ করেছেন বিচারপতি আশীষ রঞ্জন দাস।

গত ৭ ডিসেম্বর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ভারিব্যাগ বহনের ওপর নিষেধাজ্ঞা প্রদান করে রায় ঘোষণা করে আদালত। রায়ে বলা হয়, শিশু শিক্ষার্থীদের ব্যাগের ওজন কী পরিমাণ হবে সে বিষয়ে সুনির্দিষ্ট কোনো আইন নেই। দেখা যাচ্ছে নানা ধরনের সিলেবাসের কারণে শিক্ষার্থীরা বাধ্য হয়ে ভারিব্যাগ বহন করতে হচ্ছে। শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের যাতে বাধাগ্রস্ত না হয় এজন্য সরকারকে আইন প্রণয়নের নির্দেশ দেয়া হলো। রায়ের কপি পাওয়ার ছয় মাসের মধ্যে সরকারকে এ বিষয়ে আইন প্রণয়ন করতে হবে।

রায়ে দশ শতাংশের ওজনের বেশি নয় এমন স্কুল ব্যাগ শিশুদের বহনের বিষয়টি নজরদারি মধ্যে রাখার বিষয়ে এক মাসের মধ্যে পরিপত্র জারি করতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দেয়া হয়েছে। একইসঙ্গে কোনো স্কুল কর্তৃপক্ষ যদি শিশুদের ওই ওজনের বেশি স্কুলব্যাগ বহন করতে বাধ্য করে তাহলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। একই সঙ্গে শিশুর পিতা-মাতার সচেতনতা সম্বলিত নির্দেশনার পরিপত্র জারি করতে বলা হয়।

শিশুদের ভারি স্কুলব্যাগ বহন না করার বিষয়ে নির্দেশনা চেয়ে ২০১৫ সালের ৯ আগস্ট হাইকোর্টে রিট করেন সুপ্রিম কোর্টের তিন আইনজীবী এস এম মাসুদ হোসেন দোলন, মো. জিয়াউল হক ও মো. আনোয়ারুল করিম।